**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল ভারতীয় ইতিহাসে একটি বিপ্লবী অধ্যায়।**

**(২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে খোয়াই জেলার ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত গ্রাম গুলোর সক্ষমতা বৃদ্ধি এবং প্রাণবন্ত গ্রাম তৈরীর উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।**

**(৩) বিধানসভা নির্বাচনে আজ তামিলনাড়ুতে ২৩৪টি আসনে এবং পশ্চিমবঙ্গে প্রথম পর্যায়ে ১৫২টি আসনে ভোট গ্রহণ করা হয়।**

**(৪) সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব ও শতদল সংঘ সেমিফাইনালে উঠেছে।**

**(৫) রাজ্যজুড়ে আগামী তিনদিন দিনের তাপমাত্রা ও আদ্রতা আরো বাড়বে বলে আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে সতর্কতা জারি করা হয়েছে।**

************************************

**CM-Press Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল ভারতীয় ইতিহাসে একটি বিপ্লবী অধ্যায়। তার বিরোধিতা মানে নারী ও দেশের ভবিষ্যৎ অন্ধকারময় করে তোলা। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, নারী শক্তি বন্দন অধিনিয়ম বিলের বিরোধিতা করে বিরোধী দলগুলি নারীদের শুধুমাত্র অধিকার থেকে বঞ্চিত করেছে। পাশাপাশি আত্মমর্যাদায়ও আঘাত এনেছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবসময় সবকা সাথ সবকা বিকাশের

এবং নারীদের আত্মমর্যাদা রক্ষায় নিরলসভাবে কাজ করে চলেছেন। তিনি বলেন নারীদের অগ্রগতি মানে দেশের অগ্রগতি। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বিধায়ক মীনা রানী সরকার ও অন্তরা দেব সরকার।

****************************

**Border Village :**

ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে খোয়াই জেলার ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত গ্রাম গুলোর সক্ষমতা বৃদ্ধি এবং প্রাণবন্ত গ্রাম তৈরীর উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এই উদ্দেশ্যে আজ খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থের পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন জেলার অতিরিক্ত জেলাশাসক অবেদানন্দ বৈদ্য, পুলিশ সুপার ভি.জগেশ্বর রেড্ডি, খোয়াই জেলার সবকটি ব্লকের আধিকারিক গন সহ বিভিন্ন লাইন ডিপার্টমেন্টের আধিকারিকগণ। জেলাশাসক জানিয়েছেন, ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের মধ্যে মোট তিনটি ব্লকের নয়টি গ্রাম ছিল। নতুন নির্দেশিকা অনুসারে সেই গ্রামের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে ৪৯টি। আজকের বৈঠকে সীমান্তবর্তী ব্লকের গ্রামগুলোর রাস্তা, বিদ্যুৎ, ইন্টারনেট, ডি.টি.এইচ পরিষেবা কিভাবে আরও উন্নত করা যায় সে বিষয়ে একটি রূপরেখা তৈরি করা হয়েছে। আগামীদিনে এই রূপরেখার ভিত্তিতে সীমান্ত গ্রামগুলির উন্নয়নে কাজ শুরু হবে।

****************************

**CBSE :**

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন বা সি.বি.এস.ই পরিচালিত দশম শ্রেণি পরীক্ষার দ্বিতীয় পর্ব আগামী ১৫ই মে থেকে শুরু হবে। যেসকল ছাত্রছাত্রী তাদের প্রাপ্ত নম্বর উন্নত করতে চায়, তাদের জন্য এই পরীক্ষাটি ঐচ্ছিক। উত্তীর্ণ সকল ছাত্রছাত্রীকে বিজ্ঞান, গণিত, সমাজবিজ্ঞান এবং ভাষা-এই বিষয়গুলোর মধ্যে যেকোনো তিনটিতে ছাত্রছাত্রীদের পারদর্শিতা উন্নত করার সুযোগ দেওয়া হবে।

*****************************

**LPG :**

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয়ের সচিব সুজাতা শর্মা জানিয়েছেন, পশ্চিম এশিয়া সংকটের কারণে উদ্ভূত পরিস্থিতিতে নাগরিকদের যাতে কোনো অসুবিধা না হয়, তা নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। আজ নতুনদিল্লিতে সাংবাদিকদের তিনি একথা জানান। তিনি জানান, সারাদেশে গার্হস্থ্য এল.পি.জি সরবরাহ স্বাভাবিক রয়েছে এবং গতকাল আরও প্রায় ১২ লক্ষ পরিবারে সিলিন্ডার পৌঁছে দেওয়া হয়েছে।

***************************

**Defence Minister :**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ব্যবসা করার সুবিধা উন্নত করতে এবং ভারতকে বিনিয়োগের জন্য একটি আকর্ষণীয় গন্তব্য হিসেবে গড়ে তুলতে গত দশকে ভারত একাধিক কাঠামোগত সংস্কার করেছে। আজ জার্মানির মিউনিখে অনুষ্ঠিত ডিফেন্স ইনভেস্টর সামিটে ভারতীয় ও জার্মান প্রতিরক্ষা শিল্প নেতাদের উদ্দেশে ভাষণ দেওয়ার সময় শ্রী সিং একথা বলেন। তিনি পুনর্ব্যক্ত করেন যে, ভারতীয় সংস্থাগুলো উন্নত রাডার ও সেন্সর প্রযুক্তি, এ.আই-চালিত মনুষ্যবিহীন আকাশযান এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন নিম্ন কম্পাঙ্কের ডুবো ট্রান্সমিটারসহ বিভিন্ন ক্ষেত্রে জার্মান সংস্থাগুলোর সঙ্গে যৌথ উন্নয়ন ও যৌথ উৎপাদনে যুক্ত হতে আগ্রহী।

****************************

**Mann Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra

Modi App–এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০–১১–৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন আগামীকাল পর্যন্ত খোলা থাকবে।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Election :**

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে আজ প্রথম পর্যায়ের ১৫২টি আসনে ভোট গ্রহণ করা হয়। নির্বাচন কমিশনের সর্বশেষ প্রাপ্ত খবর অনুযায়ী ভোটের হার ৯১ শতাংশের বেশি। এই নির্বাচনে আজ ১৬৭ জন মহিলা সহ মোট ১,৪৭৮ জন প্রার্থী ভাগ্য নির্ধারণ করা হয়। আগামী ২৯শে এপ্রিল পশ্চিমবঙ্গের ১৪২টি আসনে দ্বিতীয় দফার ভোট গ্রহণ।

এদিকে, তামিলনাড়ুতেও আজ বিধানসভা নির্বাচনে ২৩৪টি আসনে ভোট গ্রহণ করা হয়। নির্বাচন কমিশনের সর্বশেষ প্রাপ্ত খবর অনুযায়ী ভোটের হার ৮৪ শতাংশের কাছাকাছি।

**************************

**TSR at west Bengal election :**

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে আজ পূর্ব মেদিনীপুরের বেশ কয়েকটি ভোটকেন্দ্রে রাজ্যের টি.এস.আর বাহিনী সফলভাবে নিরাপত্তার দায়িত্ব পালন করেছে। রাজ্য পুলিশের মুখ্য জনসংযোগ আধিকারিক রাজদীপ দেব এখবর জানিয়েছেন।

**************************

**Vikshit Bharat :**

সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রক আগামীকাল থেকে চন্ডিগড়ে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে নিয়ে 'অন্ত্যোদয়ের সংকল্প, অমৃত কালের প্রতিবিম্ব – বিকশিত ভারত ২০৪৭' এই প্রতিপাদ্যে তিনদিনব্যাপী একটি চিন্তন শিবিরের আয়োজন করবে। এর লক্ষ্য হলো সামাজিক ন্যায়বিচারমূলক উদ্যোগগুলির বাস্তবায়নকে শক্তিশালী করা, গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির প্রান্তিক পর্যায়ের বাস্তবায়ন উন্নত করা এবং প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্তিমূলক ও সুস্থায়ী ক্ষমতায়নের জন্য একটি কার্যকর কর্মপরিকল্পনা তৈরি করা। মন্ত্রক জানিয়েছে যে, এই প্রতিপাদ্যটি 'অমৃত কাল' এবং 'বিকশিত ভারত'-এর দৃষ্টিভঙ্গির সঙ্গে সঙ্গতি রেখে অন্তর্ভুক্তিমূলক ক্ষমতায়নের প্রতি তাদের অঙ্গীকারকে মূর্ত করে তোলে। কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী ডঃ বীরেন্দ্র কুমার এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী রামদাস আঠাওয়ালে এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। এই চিন্তন শিবিরটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য সফল কর্মপন্থা বিনিময় এবং সমন্বয় জোরদার করার একটি সহযোগিতামূলক মঞ্চ হিসেবে কাজ করবে।

****************************

**Poshan Pakhwada :**

অষ্টম পোষন পক্ষের আজ শেষদিনে দক্ষিন জেলার বকাফা সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকারা একটি শোভাযাত্রার

আয়োজন করে। শোভাযাত্রাটি বকাফা ব্লক থেকে শুরু হয়। এরপর বকাফা সুসংহত শিশু বিকাশ প্রকল্পের হলঘরে অনুষ্ঠিত আলোচনাচক্রে বক্তব্য রাখেন প্রকল্প আধিকারিক হীরালাল দেববর্মা।

**************************

**Badrinath Temple :**

পূন্যার্থীদের জন্য বদ্রিনাথ মন্দিরের দরজা আজ খুলে দেওয়া হয়েছে। উল্লেখ্য, গত ১৯শে এপ্রিল থেকে শুরু হয়েছে চারধাম যাত্রা। অক্ষয় তৃতীয়ার পবিত্র দিনে খুলে দেওয়া হয় গঙ্গোত্রী ও যমুনোত্রী মন্দির। গতকাল খুলে দেওয়া হয়েছে কেদারনাথ মন্দির।

****************************

**Gomati District Hospital :**

গোমতি জেলার জেলাশাসক রিঙ্কু লাথের আজ উদয়পুরে এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, গোমতী জেলা হাসপাতাল জাতীয় মানের স্বাস্থ্য পরিষেবার স্বীকৃতি পেয়েছে। তিনি জানান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের ন্যাশনাল হেলথ সিস্টেমস রিসোর্স সেন্টার দ্বারা পরিচালিত এই মূল্যায়ন প্রক্রিয়ায় হাসপাতালটি ৯৭.০৯ শতাংশ নম্বর পেয়ে 'কোয়ালিটি সার্টিফাইড' হিসেবে স্বীকৃতি লাভ করেছে। হাসপাতালের মোট ১৪টি বিভাগ এই মূল্যায়নের আওতায় ছিল।

*************************

**NSS :**

আগরতলা মহিলা মহাবিদ্যালয় এন.এস.এস ইউনিটের উদ্যোগে সামাজিক ও জনকল্যাণমূলক কর্মসূচির অঙ্গ হিসাবে আজ এক বিশেষ সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। এন.এস.এস স্বেচ্ছাসেবীরা গ্রীষ্মের তীব্র দাবদাহে সৃষ্ট নানা স্বাস্থ্য সমস্যার বিষয়ে শহরের পথ চলতি মানুষকে সচেতন করেন। পথচারীদের হাতে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা

হয়। কর্মসূচির তত্ত্বাবধানে ছিলেন এন.এস.এস প্রোগ্রাম অফিসার রমা ভট্টাচার্য।

**************************

**DM-Visit :**

পশ্চিম জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমারের নেতৃত্বে জেলা প্রশাসন ও আরক্ষা প্রশাসনের এক প্রতিনিধি দল মান্দাই এলাকা পরিদর্শনে যান। এডিসি নির্বাচনের পর কিছু অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে তারা স্থানীয় জনগনের সঙ্গে কথা বলেন। প্রতিনিধিদলে পুলিশ সুপার নমিত পাঠকও ছিলেন।

*************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব ও শতদল সংঘ সেমিফাইনালে উঠেছে। আজ আসরের দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে দুটি খেলায় ব্লাড মাউথ ক্লাব ২৮ রানে কসমোপলিটন ক্লাবকে এবং শতদল সংঘ ৪২ রানে হার্ভে ক্লাবকে পরাজিত করে। আগামীকাল আসরের শেষ দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হবে।

**************************

**Weather :**

রাজ্যজুড়ে আগামী তিনদিন দিনের তাপমাত্রা ও আদ্রতা আরো বাড়বে বলে ভারতীয় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে সতর্কতা জারি করা হয়েছে। পূর্বাভাস অনুযায়ী, রাজ্যের কয়েকটি স্থানে দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি হতে পারে, যা স্বাভাবিকের তুলনায় ২ থেকে ৪ ডিগ্রি বেশি। আগরতলায় আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ পার্থ রায় জানান, গত ২৪ ঘন্টায় রাজ্যে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে

৩৬.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের তুলনায় ৩.৩ ডিগ্রি বেশি। চলতি এপ্রিল মাসে এটিই এখন পর্যন্ত সর্বোচ্চ তাপমাত্রা। একইসঙ্গে আপেক্ষিক আর্দ্রতাও স্বাভাবিকের চেয়ে বেশি থাকায় গরমের অস্বস্তি আরও বাড়ছে। পাশাপাশি সব জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতেরও সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************